দৈনিক
জনকণ্ঠ

তারিখ 19 JUL 2017
পৃষ্ঠা 20 কলাম 6

# ঢাবিতে শীঘ্রই আত্মপ্রকাশ করছে ডিইউ টিভি চ্যানেল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সামাজিক বিজ্ঞান ভবনের সাততলায় টেলিভিশন স্টুডিও স্থাপন করা হয়েছে। মঙ্গলবার স্টুডিওটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। খুব শীঘ্রই এটি ডিইউ টিভি নামে টেলিভিশন চ্যানেল হিসেবে আত্মপ্রকাশ করবে বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের উদ্যোগে স্টুডিওটি স্থাপিত হয়েছে। অর্থায়ন করেছে বিশ্বব্যাংক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। অনুষ্ঠানে সূচনা বক্তব্য দেন টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রিফফাত ফেরদৌস। পরে সহকারী অধ্যাপক হাবিবা রহমান একটি সচিত্র উপস্থাপনা দেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিদের নিয়ে স্টুডিওতে উদ্ভাবন ও উন্নয়নে উচ্চশিক্ষা শীর্ষক একটি টকশোর আয়োজন

*(১৯ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)*

## ঢাবিতে শীঘ্রই

*২০-এর পৃষ্ঠার পর)*

করা হয়। সমাজ পরিবর্তনের লক্ষ্যে শক্তিশালী ভূমিকা পালনের জন্য গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়ে আব্দুল মান্নান বলেন, টেলিভিশন স্টুডিও স্থাপন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। স্টুডিওটিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ব্যবহারিকভাবে মিডিয়া জগতের নানা দিক শিখতে পারবে।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
চীফ. পরিসং : বিভাগ
চীফ. ডি.এম পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর